অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/15/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মাউন্ট ভার্ননে অনেক পুরোনো পানির ইনফ্রাস্ট্রাকচার চ্যালেঞ্জের সমাধানে তিন বছরের অগ্রগতি উদযাপন করলেন

Third Street Sewer প্রজেক্টের কাজ শেষ হওয়া স্টেটের ঐতিহাসিক 150 মিলিয়ন মার্কিন ডলারের পরিবেশগত ন্যায়বিচার বিনিয়োগের একটি প্রধান মাইলফলক

ইনডোর বর্জ্যপানির ইনফ্রাস্ট্রাকচার উন্নত করতে Mount Vernon Healthy Homes পাইলট প্রোগ্রামের নির্মাণকাজ শেষ হয়েছে

বর্জ্যপানি এবং ঝড়ের পানির সমস্যা সমাধান করতে, খাওয়ার পানির সীসার সার্ভিস লাইন সরিয়ে দিতে অন্যান্য পদক্ষেপ নেওয়া হচ্ছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্ক স্টেটের (New York State) ঐতিহাসিক 150 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের একাধিক বছরের বাস্তবায়ন এবং কমিউনিটির অনেক পুরোনো পানির ইন্ফ্রাস্ট্রাকচারের উদ্বেগ সমাধান করতে মাউন্ট ভার্নন সিটি (City of Mount Vernon) এবং ওয়েস্টচেস্টার কাউন্টির (Westchester County) সাথে পার্টনারশিপের একটি উল্লেখযোগ্য মাইলফলক এবং চলমান অগ্রগতি উদযাপন করেছেন। স্টেটের দ্রুত তহবিল দেওয়া এবং পরিকল্পনা প্রক্রিয়া অতি গুরুত্বপূর্ণ Third Street Sewer প্রজেক্ট এবং Healthy Homes পাইলট প্রোগ্রামের নির্মাণকাজ সম্পূর্ণ করতে সাহায্য করেছে। পুরো সিটিতে পানির ইনফ্রাস্ট্রাকচার মেরামত করতে এবং সীসার পাইপ বদলে দিতে বাড়তি কাজ চলছে।

"মাউন্ট ভার্ননের চলমান অগ্রগতি হলো পরিবেশগত ন্যায়বিচারের ক্ষেত্রে একটি বড় বিজয় এবং একটি উদাহরণ যে বহু দশকের অবহেলা ও বিনিয়োগের অভাব কাটিয়ে উঠার জন্য ফেডারেল, স্টেট, এবং স্থানীয় সরকার একসাথে কাজ করলে কী অর্জন করা সম্ভব," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই ঐতিহাসিক পার্টনারশিপ এবং এজেন্সির সহযোগিতা নিয়ে আমি অত্যন্ত গর্বিত, যা অনেক দিন আগেই হওয়া উচিত ছিলো এমন ইন্ফ্রাস্ট্রাকচারের উন্নয়ন কে সম্ভব করছে এবং আমরা আরো নিরাপদ এবং স্বাস্থ্যকর মাউন্ট ভার্নন কমিউনিটি পাওয়ার জন্য কাজ করে যাচ্ছি।"

ওয়েস্টচেস্টার কাউন্টির এক্সিকিউটিভ Ken Jenkins (কেন জেনিকিন্স) বলেন, "আজকে আমরা মাউন্ট ভার্ননের পানির ইনফ্রাস্ট্রাকচার সমস্যা এবং অনেক পুরোনো

পরিবেশগত ন্যায়বিচার উদ্বেগের সমাধানে বড় অগ্রগতি উদযাপন করছি। Third Street Sewer প্রজেক্টটি হলো সরকারের বহু পর্যায় মিলে একটি সহযোগিতামূলক চেষ্টা যার ফলে পরিশেষে মাউন্ট ভার্ননে বাস করা আমাদের ওয়েস্টচেস্টার কাউন্টির বাসিন্দাদের জন্য আরো দৃঢ় এবং আরো স্বাস্থ্যকর কমিউনিটি পাওয়া যাবে। পুরো এবং প্রায় নষ্ট হয়ে যাওয়া পানির ইনফ্রাস্ট্রাকচার পুনর্জীবিত করতে গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি এবং প্রজেক্টটি শেষ করার জন্য একসাথে কাজ চালিয়ে যেতে চাই।"

মাউন্ট ভার্নন সিটির মেয়র Shawyn Patterson-Howard (শন প্যাটারসন-হাওয়ার্ড) বলেন, "মাউন্ট ভার্নন সিটির প্রতি তাদের অবিচল প্রতিশ্রুতির জন্য আমরা গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং তার অ্যাডমিনিস্ট্রেশনের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ। ঐতিহাসিক 150 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ, সেই সাথে 10 মিলিয়ন মার্কিন ডলারের Water Quality Improvement Project (WQIP) প্রোগ্রাম, 3 মিলিয়ন মার্কিন ডলারের Healthy Homes পাইলট প্রোগ্রাম, 3 মিলিয়ন মার্কিন ডলারের Green Infrastructure Grant প্রোগ্রাম হলো আমাদের সিটি, ওয়েস্টচেস্টার কাউন্টি, এবং নিউ ইয়র্ক স্টেটের মধ্যে একটি রূপান্তরমূলক পার্টনারশিপের প্রতীক। এই বিনিয়োগগুলি জীবন বদলে দিচ্ছে এবং আমাদের বাসিন্দাদের মর্যাদা ফেরত দিচ্ছে। Third Street Sewer প্রজেক্টের কাজ শেষ হওয়া এবং Healthy Homes পাইলট প্রোগ্রাম শুরু হওয়া হলো শক্তিশালী উদাহরণ যে স্টেট এবং স্থানীয় সরকার হাতে হাত রেখে ফলাফল আনার জন্য কাজ করলে আমরা কত কিছু অর্জন করতে পারি। আমরা যখন পুরোনো ইনফ্রাস্ট্রাকচার মেরামত করার এবং সার্বিক সীসার পাইপ বদলে দেওয়ার পরিকল্পনা করার অতি গুরুত্বপূর্ণ কাজ করছি, তখন আমরা এই জেনারেশন এবং পরের জেনারেশনের জন্য আরো স্বাস্থ্যকর, আরো নিরাপদ এবং আরো দৃঢ় মাউন্ট ভার্নন তৈরির ব্যাপারে আমাদের প্রতিশ্রুতিতে অবিচল থাকছি।"

রিপ্রেজেন্টেটিভ George Latimer (জর্জ লাটিমার) বলেন, "এটি মাউন্ট ভার্নন এবং ওয়েস্টচেস্টার কাউন্টির জন্য একটি দারুণ খবর, এবং আমাদের কমিউনিটিতে এই ইন্‌ফ্রাস্ট্রাকচারের বিনিয়োগের জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি। কাউন্টি, সিটি এবং স্টেট সরকারের মধ্যে নতুন ধরণের পার্টনারশিপের কারণে এই প্রজেক্টগুলির কাজ দ্রুত হতে পেরেছে এবং আমরা ইতিমধ্যেই এর লাভ দেখতে পারছি। নিরাপদ, পরিষ্কার খাওয়ার পানি বাসিন্দাদের প্রাপ্য এবং এই প্রজেক্টগুলি সেই লক্ষ্য অর্জনে অনেক সাহায্য করবে। আমাদের কমিউনিটিতে ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগ এবং পরিবেশগত উন্নয়নের পক্ষে আমি কাজ করতে থাকবো, এবং নিউ ইয়র্কের 16তম জেলায় সেবা দেওয়ার জন্য আমার নতুন দায়িত্বে আমি গভর্নর এবং স্টেটের কর্মকর্তাদের সাথে কাজ চালিয়ে যাবো।"

2022 সালের এপ্রিল মাসে প্রথম ঘোষণা করা নিউ ইয়র্ক স্টেটের 150 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ এবং মাউন্ট ভার্নন ও ওয়েস্টচেস্টার কাউন্টির সাথে তিনমুখী পার্টনারশিপটি বয়স্ক এবং প্রায় নষ্ট হয়ে যাওয়া পানির ইন্‌ফ্রাস্ট্রাকচারের উন্নয়ন করার মাধ্যমে এমন পানি ও জনস্বাস্থ্য সমস্যার সমাধান করেছে যা অনেক দশক ধরে সিটিকে আক্রান্ত করে রেখেছিলো।

উদ্ভাবনী স্টেট-কাউন্টি-সিটি অংশীদারিত্ব স্বরণ করা হয়েছে মেমোরান্ডাম অভ আন্ডারস্ট্যান্ডিংয়ে (Memorandum of Understanding, MOU), যাতে অগ্রাধিকার প্রকল্প ত্বরান্বিত করা যায় এবং এই সিটিব্যাপী প্রচেষ্টার জন্য ভূমিকা, দায়িত্ব এবং উপলভ্য তহবিলের রূপরেখা

তৈরি করা যায়। MOU তিনমুখী পার্টনারশিপটিকে আনুষ্ঠানিক করে, যার মধ্যে Third Street Sewer উন্নয়নের সাথে সম্পর্কিত প্রকৌশল, নকশা, এবং নির্মাণ কাজে ব্যবহার করার জন্য তহবিল আছে।

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) ভারপ্রাপ্ত কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের মাধ্যমে এবং আমাদের পার্টনার মাউন্ট ভার্নন, ওয়েস্টচেস্টার কাউন্টি এবং এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনকে (Environmental Facilities Corporation, EFC) পাশে নিয়ে DEC অনেক পুরোনো অসমতার সমাধান করতে এবং পরিবেশগত ন্যায়বিচারকে অগ্রাধিকার দিতে টেকসই সমাধান অগ্রসর করছে। Third Street Sewer প্রজেক্টের কাজ শেষ হওয়া এবং এই কমিউনিটিতে অন্যান্য গুরুত্বপূর্ণ অগ্রগতি হলো প্রায়ই অবহেলা করা হয় এমন সুবিধাবঞ্চিত কমিউনিটিতে বিনিয়োগের মাধ্যমে সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে স্টেটের প্রতিশ্রুতির একটি প্রতীক।"

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট এবং CEO Maureen A. Coleman (মরিন এ কোলম্যান) বলেন, "আমরা আজকে যে রূপান্তরকারী প্রজেক্ট উদযাপন করছি তা শুধু জোড়াতালি দিয়ে মেরামত করার কাজ নয়। এগুলি হলো পুরো সিটিতে অনেক লম্বা সময় ধরে যে পরিবেশগত সমস্যা আছে তার বাস্তব, স্থায়ী সমাধান করতে গভর্নর Hochul-এর (হোকল) কৌশলী উদ্যোগের অংশ। EFC-কে ঠিক এমন কাজ করার জন্যই গঠন করা হয়েছে, যা হলো অতি গুরুত্বপূর্ণ আর্থিক রিসোর্স দিয়ে চাহিদা ও পদক্ষেপের মধ্যে শূন্যস্থান পূরণ করা, বিশেষ করে এমন কমিউনিটিতে যারা ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত। স্টেটের 150 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ শুধু নির্মাণের তহবিল না, এটি মর্যাদা ফেরত আনছে, জীবনযাপনের মাণ উন্নত করছে, এবং আগামী জেনারেশনগুলির সমৃদ্ধির জন্য মাউন্ট ভার্ননের চাহিদা পূরণের ক্ষমতা বাড়িয়ে দিচ্ছে।"

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিস্নাউস্কাস) বলেন, "নিউ ইয়র্ক স্টেট, ওয়েস্টচেস্টার কাউন্টি, এবং মাউন্ট ভার্নন সিটির মধ্যে পার্টনারশিপের কারণে Third Street Sewer প্রজেক্ট এবং Mount Vernon Healthy Homes পাইলট প্রোগ্রাম বাসাকে সুরক্ষা দিচ্ছে, হাজার হাজার বাসিন্দার জন্য জীবনযাপনের মাণ উন্নত করতে সাহায্য করছে, এবং এই সম্পূর্ণ সিটি করিডোরের ইনফ্রাস্ট্রাকচার জোরদার করছে। এমন প্রজেক্টের মাধ্যমে আমরা দেখাচ্ছি যে কীভাবে গভর্নর Hochul-এর (হোকল) ঐতিহাসিক 150 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ সেই সব পরিবেশগত অসমতার সমাধান করছে যা অনেক বেশি সময় ধরে সিটিকে আক্রান্ত করে রেখেছিলো।"

ডিপার্টমেন্ট অফ হেলথের (Department of Health, DOH) কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "এটি এই কমিউনিটির জন্য একটি যুগান্তকারী জনস্বাস্থ্য অর্জন যা সম্ভব হয়েছে গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের কারণে, এবং সেই সাথে মাউন্ট ভার্নন সিটি, ওয়েস্টচেস্টার কাউন্টি এবং আমাদের ফেডারেল পার্টনারদের মধ্যে সহযোগিতার কারণে। সীসার সার্ভিস লাইন সনাক্ত করে ডিপার্টমেন্ট অফ

হেলথ এই কমিউনিটিতে স্বাস্থ্য অসমতা আরো কমানোর ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ, যা হলো সার্ভিস লাইন বদলানো এবং মাউন্ট ভার্ননের বাসিন্দাদের সার্বিক স্বাস্থ্যের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ অংশ।"

সিনেটের মেজোরিটির নেতা Andrea Stewart-Cousins (অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স) বলেন, "মেয়র Shawn Patterson-Howard (শন প্যাটারসন-হাওয়ার্ড) Third Street Sewer প্রজেক্ট এবং Healthy Homes উদ্যোগকে অগ্রাধিকার দিয়েছেন, যার ফলে মাউন্ট ভার্ননের জন্য এইসব মাইলফলক পূরণ করা সম্ভব হয়েছে। প্রজেক্টটি দেখিয়েছে যে সরকারের সকল পর্যায় একসাথে কাজ করলে কী সম্ভব। গভর্নর এবং স্টেটের আইনসভা আমাদের স্টেটের পানির ইন্‌ফ্রাস্ট্রাকচারের জন্য ঐতিহাসিক বিনিয়োগ নিশ্চিত করেছেন, যেহেতু তারা বুঝতে পেরেছেন যে পরিষ্কার পানি একটি বিশেষ অধিকার নয় বরং সকল নিউ ইয়র্কবাসীর অধিকার। এই 150 মিলিয়ন মার্কিন ডলারের পার্টনারশিপ, যার মধ্যে 9 মিলিয়ন মার্কিন ডলারের Clean Water Infrastructure Act (CWIA) তহবিলের ব্যবহার আছে, তার মাধ্যমে আমরা এমন নির্ভরযোগ্য ইন্‌ফ্রাস্ট্রাকচারের প্রতিশ্রুতি দিয়েছি যা বহু দশকের অবহেলার সমাধান করবে। আজকে আমরা সেই প্রতিশ্রুতি পূরণ করতে পেরেছি।"

Third Street Sewer প্রজেক্ট

একটি নতুন মাটির নিচের পাম্পিং স্টেশন, West Third Street-এ আনুমানিক 400 সরল ফুট সিউয়ার পাইপ, এবং একটি জরুরি জেনারেটর নিয়ে Third Street Sewer প্রজেক্টটি গঠিত হয়েছে। প্রজেক্টটি নির্ভরযোগ্য বর্জ্যপানির সেবা দিয়ে থাকে এবং নষ্ট বা অনেক দিন ধরে অবহেলিত সিউয়ার ইনফ্রাস্ট্রাকচার লাইনের কারণে প্রভাবিত মাউন্ট ভার্ননের হাজার হাজার মানুষের জন্য জীবনযাপনের মাণ উন্নত করে। একটি দ্রুত পরিকল্পনা ও নকশার প্রক্রিয়ার পর, সম্পূর্ণ কাজটি এলাকাকে অনেক দিন ধরে আক্রান্ত করে রাখা বন্যা ও সিউয়ার ব্যাকআপের প্রশমন করবে। প্রজেক্টটি আশেপাশের বাসিন্দাদের জন্য নির্ভরযোগ্য বর্জ্যপানির সেবা নিশ্চিত করে যাদেরকে এইসব উন্নয়নের আগে অস্থায়ী পাম্প এবং Third Street-এর মাঝখানে কোনোমতে বসানো একটি সিস্টেম থেকে সেবা দেওয়া হতো। পাঁচ থেকে সাত বছরের জন্য বিভিন্ন পর্যায়ে পুরো সিটির বাড়তি ইন্‌ফ্রাস্ট্রাকচারের উন্নয়ন আগে থেকে পরিকল্পনা করে রাখা হচ্ছে, যেখানে সিটির সবথেকে গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচার চাহিদাকে অগ্রাধিকার দেওয়া হয়েছে।

মাউন্ট ভার্নন হেলদি হোমস উদ্যোগ

Mount Vernon Healthy Homes পাইলট প্রোগ্রামে অংশগ্রহণ করা 24টি কম থেকে মাঝারি আয়ের গৃহস্থালিতে নির্মাণকাজ শেষ হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের অফিস অফ রেজিলিয়েন্ট হোমস অ্যান্ড কমিউনিটিজের (Office of Resilient Homes and Communities, RHC) পরিচালিত 3 মিলিয়ন মার্কিন ডলারের প্রোগ্রামটি স্টেটের 150 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের সাথে বাড়তি যোগ করা হয়েছে, এটি বর্জ্যপানির ব্যাকফ্লোয়ের বেশি ঝুঁকিতে থাকা এলাকায় আবাসিক সিউয়ার সম্পর্কিত উন্নয়নকাজ করেছে। সম্প্রতি শেষ হওয়া পাইলটের উদ্দেশ্য ছিলো এলাকার বারবার আক্রান্ত হওয়া এবং সবথেকে বেশি ঝুঁকিতে থাকা সম্পত্তিতে কাজ করা। পরিবর্তন হতে থাকা জলবায়ুর সাথে মানিয়ে নিতে পারবে এমন দৃঢ় বাসা বানানো এবং একই সাথে অতীতে অবহেলিত কমিউনিটিকে অগ্রাধিকার দেওয়ার লক্ষ্য পূরণ করতে এটি নিউ ইয়র্ককে সাহায্য করে।

অনুমোদিত বাসায় নিচের উন্নয়নগুলি হবে:

- নতুন স্যানিটারি সিউয়ার ব্যাকফ্লো ঠেকানোর যন্ত্র;
- বর্জ্যপানির ড্রেনের উন্নয়ন;
- নতুন সম্পূর্ণ বাসার পানির ফিল্‌ট্রেশন ব্যবস্থা;
- দুইটি পর্যন্ত লো-ফ্লো টয়লেট বদলে দেওয়া;
- বর্জ্যপানি উপচে পড়ার কারণে ক্ষয়ক্ষতি বা ছাতা পড়া পরিষ্কার করা এবং প্রতিকার করা; এবং
- সীসার রঙ বা অ্যাসবেস্টসের মতো বিপদের পরিবেশগত প্রতিকার করা।

পুরো সিস্টেমের চলমান মেরামত

প্রায় 200 মাইল ঝড় এবং স্যানিটারি সিউয়ার মেরামত করার জন্য 33টি অগ্রাধিকার পাওয়া প্রজেক্টের তহবিলের জন্য CWIA অনুদান হিসেবে পাওয়া 5 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করে 2023 সালে অবিলম্বে একাধিক প্রজেক্টের কাজ শুরু হয়। এছাড়াও, হাচিনসন রিভারে অপরিশোধিত বর্জ্য ফেলে এমন সিউয়ার সংগ্রহ লাইনের সার্বিক যাচাই, প্রতিকারের নকশা, এবং সম্পূর্ণ মেরামত বাস্তবায়ন করার জন্য DEC-এর Water Quality Improvement Project প্রোগ্রাম থেকে পাওয়া 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হয়। এখন পর্যন্ত, 40 মাইল সিউয়ার পরিষ্কার করা এবং 10 মাইল সিউয়ার মেরামতের কারণে সিটির সিউয়ার ব্যাকআপ 90 শতাংশ কমে গেছে।

কাজের গতি বাড়াতে প্রকৌশলীর পরামর্শ সেবার মতো অ্যাডমিনিস্ট্রেটিভ সেবার জন্য এছাড়াও EFC আরো 2 মিলিয়ন মার্কিন ডলার দিয়েছে। মাউন্ট ভার্নন এবং DEC এছাড়াও সিটির পানির ইন্‌ফ্রাস্ট্রাকচারের ইনভেন্টরি তৈরি, যাচাই, এবং পরীক্ষা করতে এবং লম্বা সময় ধরে মাউন্ট ভার্ননের পানির মাণের ইন্‌ফ্রাস্ট্রাকচারের তহবিল ও রক্ষণাবেক্ষণের একটি পরিকল্পনা তৈরিতে সাহায্য করার জন্য একটি 1 মিলিয়ন মার্কিন ডলারের সম্পদ ব্যবস্থাপনা প্রোগ্রাম শুরু করেছে। এছাড়াও Edison Avenue-তে একটি পাম্প স্টেশন নতুন করে নির্মাণ করার একটি প্রজেক্ট অগ্রসর হচ্ছে।

Fourth Street Park-এ ঝড়ের পানির ব্যবস্থাপনা ও পুনরুজ্জীবিত করতে সবুজ ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্ট

স্টেটের 150 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের পাশাপাশি, EFC সিটিতে Green Innovation Grant প্রোগ্রামের মাধ্যমে 3 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দিয়েছে। সৃজনশীল সবুজ ইনফ্রাস্ট্রাকচার প্র্যাকটিসের মধ্যে আছে বায়োরিটেনশন, বৃষ্টি বাগান, এবং ছিদ্রযুক্ত ফুটপাথ যা Fourth Street Park-এর বন্যা কমাবে এবং হাচিনসন রিভারের পানির মাণ উন্নত করবে, এবং একই সাথে কমিউনিটির বিনোদনের স্থানকে পুনর্জীবিত এবং আরো সুন্দর করবে।

সীসার সার্ভিস লাইন বদলানো

DOH সক্রিয়ভাবে মাউন্ট ভার্নন বোর্ড অভ ওয়াটার সাপ্লাইয়ের (Mount Vernon Board of Water Supply, MVBWS) সাথে তাদের সীসার সার্ভিস লাইন বদলানোর প্রজেক্টে কাজ করছে। EFC-এর সাথে প্রাথমিক 1 মিলিয়ন মার্কিন ডলার অনুদানের অর্থ দেওয়ার চুক্তিটি 14 সেপ্টেম্বর,

2022 তারিখে মাউন্ট ভার্নন অনুমোদিত করে, এবং 15 আগস্ট, 2024 তারিখে বাড়তি একটি 1 মিলিয়ন মার্কিন ডলার অনুদানের অনুমোদন দেওয়া হয়। MVBWS তাদের 12,500টিরও বেশি পানির অ্যাকাউন্টের আর্কাইভ রিভিউ করার মাধ্যমে তাদের ইনভেন্টরির কাজ শুরু করে। এখন পর্যন্ত রিভিউ করা আনুমানিক 12,000 সার্ভিস লাইনের রেকর্ডের মধ্যে আনুমানিক 7,800টিতে সীসার উপস্থিতি পাওয়া গেছে। সম্পূর্ণ আর্কাইভ রিভিউ ছাড়াও, 2024 সালের এপ্রিল মাসে MVBWS জনগণকে তথ্য মেইল করা এবং সীসার সার্ভিস লাইন প্রোগ্রামের ওয়েবসাইট তৈরির মাধ্যমে কমিউনিটিকে জড়িত করার চেষ্টা শুরু করে, কারণ দীর্ঘমেয়াদি সাফল্যের জন্য এই উদ্যোগে জনগণের সাথে সমন্বয় অতি প্রয়োজনীয়।

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক স্টেট পানি অবকাঠামোতে এর দেশসেরা বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে, যার মধ্যে রয়েছে শুধু স্টেটের অর্থবছর 2024 এর জন্য স্থানীয় পানি অবকাঠামো প্রকল্পের জন্য EFC থেকে প্রদত্ত 2.2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি আর্থিক সহায়তা। গভর্নর Hochul (হোকল)-এর ঘোষণা করা ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2026-এর এক্সিকিউটিভ বাজেটে পরিষ্কার পানির ইন্ফ্রাস্ট্রাকচারের জন্য প্রস্তাবিত 500 মিলিয়ন ডলারের মাধ্যমে নিউ ইয়র্ক 2017 সালের পর থেকে পানির ইন্ফ্রাস্ট্রাকচারের জন্য রেকর্ড 6 বিলিয়ন ডলার বিনিয়োগ করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন